



## ইরানের পারমাণবিক নীতি অপরিবর্তিত থাকবে: পররাষ্ট্রমন্ত্রী আরাঘচি



ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। ছবি: সংগৃহীত

ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি জানিয়েছেন, পারমাণবিক অস্ত্র নির্মাণের বিষয়ে দেশের অবস্থান এখনো অটুট। তবে নতুন সর্বোচ্চ নেতা মোজতবা খামেনির চূড়ান্ত মত প্রকাশ এখনও হয়নি।

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে চলমান সংকটের প্রেক্ষিতে আরাঘচি এই মন্তব্য করেছেন। ইরানের সাবেক নেতা আয়াতুল্লাহ আলী খামেনি দুই দশক আগে পারমাণবিক অস্ত্র তৈরি ও ব্যবহারের বিষয়ে ফতোয়া জারি করেছিলেন। সম্প্রতি তার মৃত্যুতে আন্তর্জাতিক মহলে প্রশ্ন দেখা দিয়েছে, এই নীতি আগের মতো বজায় থাকবে কি না।

আরাঘচি আরও বলেন, ইসলামি আইন অনুযায়ী ফতোয়া মূলত প্রদানকারী ফকিহের ব্যাখ্যার ওপর নির্ভর করে। নতুন নেতা মোজতবা খামেনির দৃষ্টিভঙ্গি এখনো চূড়ান্ত নয়। ফলে ফতোয়া পুরোপুরি বজায় থাকবে কি না বা নীতিতে নমনীয়তা আসবে কি, তা স্পষ্ট নয়।

বর্তমানে ইরানের ওপর চলমান সামরিক চাপ ও নেতৃত্ব পরিবর্তনের প্রেক্ষাপটে দেশটির কৌশল পুনর্মূল্যায়নের মধ্যে রয়েছে। পশ্চিমা গোয়েন্দা সংস্থাগুলো পারমাণবিক কেন্দ্রগুলোতে নজর রাখছে, কারণ যুদ্ধের তীব্রতা বাড়লে ইরান তাদের সক্ষমতাকে আত্মরক্ষার কৌশল হিসেবে ব্যবহার করতে পারে।

আরাঘচি স্পষ্ট করেছেন, তেহরান আপাতত দীর্ঘদিনের অবস্থানেই অনড় থাকতে চায়। নতুন নেতার আনুষ্ঠানিক বিবৃতিই ভবিষ্যৎ নীতির চূড়ান্ত ছবি দেখাবে।

সূত্র: টাইমস অফ ইসরায়েল